

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
পার্বতীপুর দিনাজপুর।

স্মারক নং-৩৩.০১.২৭৭৭.০০০.১৮.০০১.২৩-৫৯

তারিখঃ ১৯/০২/২০২৩ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা অত্র উপজেলার সকল ডেইরি খামারী, পোল্ট্রি খামারী ও গরু, ছাগল, মুরগি, সৌখিন পাখি পালনকারীগণসহ সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান, খাদ্য ও পোল্ট্রি সরঞ্জাম বিক্রেতাগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫/০২/২০২৩ খ্রিঃ রোজ শনিবার দিনব্যাপী প্রাণিসম্পদ প্রদর্শনী -২০২৩ অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রদর্শনীতে স্টল বরাদ্দের নিমিত্তে আগ্রহী খামার মালিক/গবাদিপশু ও হাঁস-মুরগি পালনকারীগণকে আগামী ২২/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে পশু/পাখির বর্ণনাসহ লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমাদানের জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে স্টল বরাদ্দ দেয়া হবে।



(ডাঃ মোঃ মাহফুজার রহমান)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
পার্বতীপুর দিনাজপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ হলঃ

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
২. উপজেলা কৃষি কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, পার্বতীপুর মডেল থানা, পার্বতীপুর, দিনাজপুর।
৬. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
৭. সভাপতি/সম্পাদক ডেইরি ও পোল্ট্রি খামার সমিতি, পার্বতীপুর, দিনাজপুর।
৮. অফিস কপি।